**একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত**

# বাংলাদেশ নির্বাচন কমিশন

**নির্বাচন কমিশন সচিবালয়**
**আগারগাঁও, ঢাকা**
**www.ecs.gov.bd**

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০১৬.২১- ২৫৫

তারিখঃ ২৭ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
১০ মে ২০২২ খ্রিস্টাব্দ

**পরিপত্র-৪**

বিষয়ঃ **ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২২ কার্যক্রমে স্থানীয় জনপ্রতিনিধিদের অংশগ্রহণ।**

অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের অন্যতম শর্ত হল যোগ্য নাগরিকগণকে শনাক্তকরণের মাধ্যমে নিবন্ধনপূর্বক যথাযথভাবে ভোটার তালিকা প্রণয়ন করা। এলক্ষ্যে নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২২-এ ভোটারযোগ্য ব্যক্তিদের তথ্য সংগ্রহ ও সুপারভাইজার কর্তৃক যাচাই কার্যক্রম **২০ মে ২০২২** হতে পরবর্তী **৩ (তিন) সপ্তাহ অথবা শুরুর তারিখের পরবর্তী ০৩(তিন) সপ্তাহ** ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে চলমান রাখার বিষয়ে মাননীয় কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য, **২০০৭ সালের ০১ জানুয়ারি অথবা তার পূর্বে যাদের জন্ম তাদের** এবং বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে যারা বাদ পড়েছেন তাদের নিবন্ধনের জন্য তথ্য সংগ্রহ করা হবে। এছাড়া, এ কর্মসূচিতে ভোটার তালিকা হতে মৃত ভোটারের নাম কর্তন এবং আবাসস্থল পরিবর্তনের কারণে স্থানান্তরের বিষয়েও কার্যক্রম গৃহিত হবে। ভোটার তালিকা হালনাগাদ সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠু, সুন্দর, নির্ভুল ও সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে বিভিন্ন পর্যায়ে সমন্বয় কমিটি গঠন করা হয়েছে।

২। বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে মহিলা ভোটার কম হওয়ার বিষয়ে যেসব কারণ লক্ষ্য করা গেছে তার মধ্যে (১) নির্ধারিত ফি পরিশোধ করে জন্ম নিবন্ধন সনদ সংগ্রহে অনীহা; (২) হিন্দু অবিবাহিত মেয়েদের পিত্রালয়ে নিবন্ধন করতে অনীহা; (৩) অবিবাহিত, অনগ্রসর ও নিরক্ষর মেয়েদের ভোটার হওয়ার ক্ষেত্রে আগ্রহ কম; (৪) বাবা-মা'র জাতীয় পরিচয়পত্র দাখিল করতে ব্যর্থ হওয়া; (৫) রেজিস্ট্রেশন কেন্দ্র দূরবর্তী হওয়া; (৬) আবহাওয়া অনুকূল না থাকা; (৭) সামাজিক সংস্কার ও ধর্মীয় অজুহাতে ছবি তুলতে অনীহা; (৮) প্রত্যন্ত অঞ্চলের মহিলাদের অসচেতনতা অন্যতম। ভোটার তালিকায় মহিলদের অন্তর্ভুক্তির হার যেন উল্লেখযোগ্যভাবে কম না হয় সেলক্ষ্যে হালনাগাদ কার্যক্রমের সময় সংশ্লিষ্ট এলাকার ইউনিয়ন পরিষদ সদস্য (বিশেষ করে সংরক্ষিত আসনের কাউন্সিলর/সদস্যগণকে), দফাদার ও গ্রাম পুলিশকে সম্পৃক্ত করতে পারেন।

৩। ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে মহিলাদের নিবন্ধনের বিষয়টি নিশ্চিত করার জন্য স্থানীয় জনপ্রতিনিধিগণের, বিশেষ করে মহিলা জনপ্রতিনিধিগণের (উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, সিটি/পৌর এলাকার সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের সদস্যসহ সাধারণ আসনের বিপরীতে নির্বাচিত মহিলা জনপ্রতিনিধির সহযোগিতা একান্ত প্রয়োজন। সিটি কর্পোরেশন ও উপজেলা পর্যায়ের সমন্বয় কমিটিতে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে সমন্বয় কমিটি গঠন করা হয়েছে। জনগুরুত্বপূর্ণ একাজে মহিলাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহন নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সদস্যগণের নির্দ্বিধায় উক্ত কমিটিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা প্রয়োজন। বিশেষ করে তাঁরা প্রচারের কাজে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন।

৪। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৪।৫।২০২২
(মোঃ মোশাররফ হোসেন)
সহকারী সচিব (নিঃসঃ-২)
ফোনঃ ৫৫০০৭৫৫৪

১। উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান.........................(সকল)
২। সিটি/পৌর এলাকার সংরক্ষিত আসনের কাউন্সিলর, ..........................(সকল)
৩। ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের সদস্য,.......................(সকল)

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০১৬.২১-২৫৫

তারিখঃ ২৭ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
১০ মে ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার,...................................................(সকল)
৪। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
৫। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৭। পরিচালক (অপারেশন্স), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
৮। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধক্রমে)
১০। জেলা প্রশাসক, ......................(সকল)
১১। পুলিশ সুপার,........................(সকল)
১২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,................................(সকল)
১৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, .........................................সিটি কর্পোরেশন (সংশ্লিষ্ট)
১৪। উপসচিব/পরিচালক (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫। উপপরিচালক, IDEA প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬। উপজেলা নির্বাহী অফিসার,.................................(সকল)
১৭। মেয়র,................................পৌরসভা
১৮। কাউন্সিলর, ................সংরক্ষিত/সাধারণ ওয়ার্ড,....................সিটি কর্পোরেশন (সংশ্লিষ্ট)
১৯। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২০। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ ................ (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
২১। একান্ত সচিব, সচিব , নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২২। অফিসার ইন চার্জ ...........................(সংশ্লিষ্ট সকল)।

২৪/৫/২০২২
(মোঃ মোশাররফ হোসেন)
সহকারী সচিব (নিঃসঃ-২)
ফোনঃ ৫৫০০৭৫৫৪।